গাংনীর বামন্দীতে মার্সেল ফ্রিজ কিনে ঘরভর্তি উপহার পেলেন লিপিয়ারা খাতুন

মেহেরপুরের গাংনীতে মার্সেল ফ্রিজ কিনে ঘরভর্তি উপহার পেয়েছেন উপজেলার রামনগর গ্রামের মোছা. লিপিয়ারা খাতুন। রোববার বিকেলে উপজেলার বামন্দী বাজারে আয়োজিত অনুষ্ঠানে তাঁর হাতে এসব উপহারসামগ্রী তুলে দেওয়া হয়।

মোছা. লিপিয়ারা খাতুন উপজেলার রামনগর গ্রামের মো. সেলিম উদ্দিনের স্ত্রী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তাঁর হাতে পুরস্কার তুলে দেন জনপ্রিয় অভিনেতা ইরফান সাজ্জাদ ও অভিনেত্রী প্রার্থনা ফারদিন দীঘি।

ইরফান সাজ্জাদ ও প্রার্থনা ফারদিন দীঘি বলেন, গাংনী উপজেলার বামন্দী একটি ইউনিয়ন হলেও এই ইউনিয়নের জনপ্রিয়তা সবার সামনে তুলে ধরেছে মার্সেল। মার্সেল পণ্য কিনে এবারই শুধু নয়, এর আগেও বামন্দীর মার্সেল শোরুম থেকে ফ্রিজ কিনে অনেকে টাকা ও বিভিন্ন পুরস্কার পেয়েছেন। এ ছাড়া এখনো রয়েছে বিদেশ যাওয়ার সুযোগ, ক্যাশব্যাক ও নগদ উপহার। আপনারাও মার্সেল ফ্রিজ কিনুন, পুরস্কার জিতুন।

ঘরভর্তি উপহার পেয়ে আবেগাপ্লুত হয়ে মোছা. লিপিয়ারা খাতুন বলেন, আমি কখনো কল্পনাও করিনি বামন্দীর মার্সেল শোরুম থেকে ফ্রিজ কিনে এত উপহার পাব। আনন্দে আমার বুক ভরে গেছে। উপহারের মধ্যে রয়েছে ফ্রিজ, এসি, কাপড় ধোয়ার ওয়াশিং মেশিনসহ আরও অনেক কিছু। আমার দুই মেয়ে রয়েছে। আমরা সবাই মিলে এসব পুরস্কার ভাগ করে নেব।

মার্সেল শোরুমের স্বত্বাধিকারী মো. জিয়াদুল ইসলাম লিজন বলেন, মোছা. লিপিয়ারা খাতুন বামন্দী থেকে মার্সেল ফ্রিজ কিনে চার লাখ টাকার উপহারসামগ্রী পেয়েছেন। তাঁর হাতে এসব পুরস্কার তুলে দিতে পেরে আমরা আনন্দিত। আপনারাও মার্সেল ফ্রিজ কিনে উপহারসামগ্রী জিতে নিন। আপনারা আমার জন্য দোয়া করবেন এবং সহযোগিতা করবেন, যেন সব সময় সততার সঙ্গে ব্যবসা পরিচালনা করতে পারি।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে জনপ্রিয় মিরাক্কেলখ্যাত অভিনেতা আবু হেনা রনি, মার্সেল ডিস্ট্রিবিউটর নেটওয়ার্কের ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর নুরুল ইসলাম রুবেল, ডেপুটি চিফ মার্কেটিং অফিসার মো. রবিউল আলম ভূঁইয়া, মার্সেল ডিস্ট্রিবিউটর নেটওয়ার্কের রিজিওনাল সেলস ম্যানেজার মো. আরফান হোসেনসহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।